বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 30 MAY 1989
পৃষ্ঠা 5 কলাম 3

97

জনমত

## এমকম ব্যবস্থাপনা (সনাতন পদ্ধতি) পরীক্ষার ফল

পরীক্ষা অনুষ্ঠানের দীর্ঘ ৫ মাসের পরও ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমকম ব্যবস্থাপনা (সনাতন পদ্ধতি) ফাইনাল পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়নি। ১৯৮৮ ইং সনের ডিসেম্বর মাসে এই পরীক্ষা সমাপ্ত হয়। বুদ্ধিজীবীদের মতে আমাদের উচ্চশিক্ষার ক্ষেত্রে অন্যতম অন্তরায় সেসন জট। এই সেসন জট নিরসনের প্রধান উপায় হলো যথাসময়ে পরীক্ষা সমাপ্ত করা এবং তার ফলাফল প্রকাশ করা। বর্তমানে সেসন জটের ফলে কোর্স সমাপ্ত করতেই অনেক ছাত্রছাত্রীর চাকরির বয়সসীমা পার হয়ে যায়। আর দুই বৎসরের কোর্স সমাপ্ত করতে যদি ৬ বৎসর লাগে এবং যথাসময়ে পরীক্ষার রেজাল্ট পাওয়া যায় তা হলে ছাত্র ছাত্রী ও তাদের অভিভাবকদের মানসিক এবং আর্থিক অবস্থাটা কি দাঁড়ায় তা সহজেই অনুমেয়। এম কম (ব্যবস্থাপনা) পরীক্ষার ফলাফলের কথা বলছিলাম। অথচ এ-দিকে একই সেসনের এমএ রেজাল্ট ইতিপূর্বেই বের হয়েছে। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের রেজাল্ট ইতিপূর্বেই বের হয়েছে। তাছাড়া আরেকটি লক্ষণীয় বিষয় হলো, ১৯৮৬ ইং সেসনের ফরম ফিলাপের কাজও ইতিপূর্বেই সমাপ্ত হয়েছে। কিন্তু ১৯৮৫ ইং সেসনের পরীক্ষায় যারা ফেল করবে তাদের উপায় কি হবে? তাছাড়া ১৯৮৬ ইং সেসনের পরীক্ষা হয়তো অক্টোবর/নবেম্বর মাসে অনুষ্ঠিত হবে। তাহলে পড়া লেখার সময়ও তেমন পাওয়া যাচ্ছে না। এদিকে পরস্পর জানতে পেলাম, যদিও আমাদের ৩টি বিষয়ের খাতা ইতিপূর্বেই নাকি দেখা হয়ে গিয়েছে, কিন্তু একটি বিষয়ের খাতা শ্রদ্ধেয় শিক্ষক সাহেব এখনও বিশ্ববিদ্যালয় থেকে আনেননি। তাহলে রেজাল্ট পেতে নিশ্চয়ই আরো ১/২ মাস বিলম্ব হবে? তা যাতে না হয় সেজন্য যথাযথ কর্তৃপক্ষ এবং শ্রদ্ধেয় শিক্ষক মহোদয়ের প্রতি আকুল আবেদন, আমাদের রেজাল্টের বিষয়টি গুরুত্বের সাথে গ্রহণ করুন এবং যথাসম্ভব এমকম ব্যবস্থাপনা (সনাতন পদ্ধতি) এর ফলাফল প্রকাশ করে দুশ্চিন্তা ও অনিশ্চয়তার হাত থেকে আমাদের রক্ষা করুন।

মোঃ জাকির হুসেন
এমকম ব্যবস্থাপনা (পরীক্ষার্থী)
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ
ঢাকা।